



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩০২০১১৮৮৬০১/শেরপুর-৬৩/ ২২৭/৫

তারিখ: ২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৬১২/২০২১ এ প্রদত্ত আদেশ মোতাবেক জনাব মোঃ আব্দুল হালিম এর দরখাস্ত নিষ্পত্তি প্রসঙ্গে


সূত্র: ১। জনাব মোঃ আব্দুল হালিম এর ০৯/১২/২০২১ ও ১২/১২/২০২১ এর আবেদনসমূহ;  
২। রিট পিটিশন নং-১২৬১২/২০২১;  
৩। নং-বামাশিবো/প্রশাসন/শেরপুর-৬৩/২২৫/২; তারিখ: ২২ মার্চ ২০২২ খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন জনাব মোঃ আব্দুল হালিম গড়জারিপা আজিজিয়া দারুচ্ছিন্নাহ দাখিল মাদ্রাসার গঠিত ম্যানেজিং কমিটির খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকা সংশোধন বিষয়ক ০৯/১২/২০২১ তারিখের এবং ম্যানেজিং কমিটির অনিয়ম বিষয়ক ১২/১২/২০২১ তারিখের আবেদনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৬১২/২০২১ দায়ের করেন। যার প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে আবেদনসমূহ নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।

উক্ত আবেদনসমূহ যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে রিটকারী জনাব আব্দুল হালিম, মাদ্রাসার সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিকে ৩০.০৩.২০২২ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সুপার জনাব মোঃ আব্দুল কাদের, ম্যানেজিং কমিটির সভাপতি এবং রিটকারী জনাব আব্দুল হালিম বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করেন। সুপার ১ম শ্রেণী ও ৩য় শ্রেণী ছাত্র-ছাত্রী অভিভাবক সদস্য বিষয়ক প্রমাণক হিসেবে হাজিরা খাতা প্রদর্শন করেন ও অভিভাবক সদস্য নির্বাচন গোপনে করার বিষয়টি অস্বীকার করেন। রিটকারী জনাব আব্দুল হালিম অবৈধ অভিভাবক সদস্য ভোটার তালিকা অন্তর্ভুক্তির বিষয়ে রিটকারীর পক্ষে জনাব রফিকুল ইসলাম বক্তব্য প্রদান করেন।

বর্ণিত অবস্থায়, রিটকারী জনাব আব্দুল হালিম, মাদ্রাসা সুপার, ম্যানেজিং কমিটির সভাপতির বক্তব্য ও উপস্থাপিত তথ্য প্রমাণের আলোকে শুনানীতে প্রতিষ্ঠান সৃষ্ট, সুন্দরভাবে পরিচালনার স্বার্থে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, রিটকারী জনাব মোঃ আব্দুল হালিম-কে উক্ত ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন প্রাপ্তিসাপেক্ষে বিদ্যোৎসাহী সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে। রিট পিটিশন ১২৬১২/২০২১ এর আলোকে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের আদেশ এতদ্বারা বাস্তবায়নপূর্বক নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeb.gov.bd](mailto:registrar@bmeb.gov.bd)

প্রাপকঃ

১. সভাপতি, গড়জারিপা আজিজিয়া দারুচ্ছিন্নাহ দাখিল মাদ্রাসা, শ্রীবরদী, শেরপুর;
২. সুপার/ভারপ্রাপ্ত সুপার, গড়জারিপা আজিজিয়া দারুচ্ছিন্নাহ দাখিল মাদ্রাসা, শ্রীবরদী, শেরপুর;
৩. জনাব আব্দুল হালিম (রিটকারী), শ্রীবরদী, শেরপুর;

নং-বামাশিবো/প্রশা/২৩০২০১১৮৮৬০১/শেরপুর-৬৩/ ২২৭/৫

তারিখ: ২২ চৈত্র ১৪২৮  
০৫ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা;
৩. জেলা প্রশাসক, শেরপুর;
৪. জেলা শিক্ষা অফিসার, শেরপুর;
৫. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর;
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, শেরপুর;
৭. জনাব মোঃ হুমায়ুন কবীর, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট;
৮. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপ



(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)